বামন্দী ইউপির চেয়ারম্যান কমলের উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন পরিষদের উদ্যোগে এস ডি জি বাস্তবায়নের লক্ষ্যে ওয়ার্ড পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা শীর্ষক উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২০ই মে) বিকেলে উপজেলার বামন্দী ইউনিয়নের (৭নং ওয়ার্ড) দেবীপুর ডি জে এম সি মাধ্যমিক বিদ্যালয় ও (৪নং ওয়ার্ড) বালিয়াঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে দুটি পৃথক ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়।

দেবিপুর গ্রামের ওয়ার্ড সভায় সভাপতিত্ব করেন ৭নং ওয়ার্ড ইউপি সদস্য মোঃ হীরক আলী এবং বালিয়াঘাট গ্রামের ওয়ার্ড সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা কৃষক লীগের সাবেক সভাপতি মোশাররফ হোসেন।

পৃথক দুটি ওয়ার্ড সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ ওবায়দুর রহমান কমল।

এ সময় বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল বাকী,বামন্দী ইউনিয়নের সচিব মোঃ মনিরুল ইসলাম, বামন্দী ইউপির সদস্য আশাদুল হক, ইউপি সদস্য মোছাঃ হাজেরা খাতুন, ইউপি সদস্য মোছাঃ সাগরী খাতুন, বামন্দী ইউপির সাবেক সদস্য হাবিল উদ্দিন ও রবিউল ইসলাম সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং এলাকাবাসী উপস্থিত ছিলেন।